গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

# সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২১

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ চার দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের তত্ত্বাবধানে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২১/ ৮ ফাল্গুন ১৪২৭, রবিবার অপরাহ্ণ ০৩:০০টায় আয়োজিতব্য উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ডা. দীপু মনি এম.পি., মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।

**অনুষ্ঠানসূচি**
**২১ ফেব্রুয়ারি ২০২১ / ৮ ফাল্গুন ১৪২৭**

| | |
|---|---|
| ০২ :৩০মি. | অতিথিবৃন্দের আসন গ্রহণ |
| ০৩ :০০মি. | মাননীয় প্রধানমন্ত্রীর ভার্চুয়াল উপস্থিতি |
| ০৩ :০১মি. | জাতীয় সঙ্গীত পরিবেশনা |
| ০৩ :০৬মি. | ভাষা শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন |
| ০৩ :০৭মি. | অমর একুশের সংগীত পরিবেশনা |
| ০৩ :১২মি. | স্বাগত বক্তব্য: জনাব মোঃ মাহবুব হোসেন<br>সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ০৩ :১৬মি. | প্রবন্ধ উপস্থাপন (বিষয় : ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু। প্রবন্ধ উপস্থাপক : জনাব হাবীবুল্লাহ সিরাজী<br>মহাপরিচালক, বাংলা একাডেমি) |
| ০৩ :২৬মি. | বক্তব্য: মিজ বিয়েট্রিস কালডুন<br>হেড অ্যান্ড রিপ্রেজেন্টেটিভ, ইউনেস্কো, ঢাকা অফিস |
| ০৩ :৩০মি. | সভাপতির ভাষণ: ডা. দীপু মনি এম.পি.<br>মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| ০৩ :৩৮মি. | মাতৃভাষায় শিশুদের মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন |
| ০৩ :৪৩মি. | 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২১' প্রদান |
| ০৩ :৫৫মি. | প্রধান অতিথির ভাষণ: শেখ হাসিনা<br>মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |

## আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২১

### প্রেক্ষাপট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর মুখ্য পৃষ্ঠপোষক শেখ হাসিনা-র সানুগ্রহ নির্দেশনা ও অভিপ্রায়ে আন্তর্জাতিক মাতৃভাষা আইন ২০১০ প্রণীত হয়। এ আইনের ধারাবাহিকতায় আন্তর্জাতিক

মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯ প্রণীত হয়। এ নীতিমালার আলোকে বাংলাদেশ ও ইউনেস্কো-র সদস্যভুক্ত বিশ্বের অন্যান্য দেশের নাগরিক অথবা প্রতিষ্ঠানকে মাতৃভাষা সংরক্ষণ, বিকাশ ও পুনরুজ্জীবনে অনন্য সাধারণ অবদান (outstanding contribution for protection and promotion of mother languages throughout the world), মাতৃভাষার চর্চা, গবেষণা ইত্যাদি ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ দেশি ও বিদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক এ পদক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১-এ আন্তর্জাতিক মাতৃভাষা পদক ২০২১ (আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ এবং আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক ২০২১) প্রদানের শুভ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

'আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯' অনুযায়ী আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক প্রতি দুই বছর অন্তর আন্তর্জাতিক মাতৃভাষা পদক প্রদানের বিধান রাখা রয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা পদকের সংখ্যা ৪টি (আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পর্যায়ে পদক ২টি এবং আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক টি -- ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে প্রদেয়)। মূলত আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের লক্ষ্য-উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে পৃথিবীর বিভিন্ন মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশ, মাতৃভাষার চর্চাভিত্তিক প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ, মাতৃভাষার গবেষণা, মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে ডিজিটাল প্রযুক্তি উদ্ভাবন, বহির্বিশ্বে মাতৃভাষা ও বিদেশি ভাষা প্রচার ও প্রসার, মাতৃভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত মৌলিক গ্রন্থাবলি বিদেশি ভাষায় অনুবাদ, বিদেশি ভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত গ্রন্থসমূহের বাংলা ভাষায় অনুবাদ প্রভৃতি বিষয়ে বিশেষ অবদানের জন্য জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে আন্তর্জাতিক মাতৃভাষা পদক প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১-এর জন্য প্রাপ্ত আবেদনসমূহের মধ্য থেকে জাতীয় ক্ষেত্রে দুই জন বাংলাদেশি নাগরিককে পদকপ্রাপ্তির জন্য মনোনীত করা হয়েছে :

(ক) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, জাতীয় অধ্যাপক, পিতা: মৃত মোঃ জুলফিকার আলী;
(খ) জনাব মথুরা বিকাশ ত্রিপুরা, পিতা: বরেন্দ্র লাল ত্রিপুরা।

**মোহাম্মদ রফিকুল ইসলাম**
**জাতীয় অধ্যাপক**

বিশিষ্ট ভাষাবিজ্ঞানী, নজরুল গবেষক, লেখক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক। তিনি দেশ ও জাতির কল্যাণে অনন্যসাধারণ অবদান ও সামগ্রিক জীবনের অর্জন বিবেচনায়, ভাষা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ এবং মাতৃভাষার চর্চা, গবেষণা ইত্যাদি ক্ষেত্রে বিশেষ কৃতিত্ব প্রদর্শন করেছেন।

তিনি বাংলা ভাষা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ এবং দুর্লভ আলোকচিত্র গ্রহণ; ইউ এস পিস কোর-এ বাংলাভাষা প্রশিক্ষণের উপদেষ্টা-১৯৬৩, নব্বই-এর দশকে বাংলা একাডেমিতে বিদেশিদের বাংলাভাষা শিক্ষার কোর্স পরিচালনা, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর সম্মানিত ভাইস চ্যান্সেলর (২০১০-২০১১), ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম নজরুল অধ্যাপক, বাংলা একাডেমির প্রাক্তন মহাপরিচালক, Bengali Graphemics-এ থিসিস প্রণয়ন, বিদেশিদের বাংলা শেখার প্রথম গ্রন্থ রচনা, শহীদ বুদ্ধিজীবীদের সম্পর্কে প্রথম গ্রন্থ রচনা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষের ইতিহাসের প্রথম গ্রন্থ প্রণয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে নজরুল গবেষণা কেন্দ্র স্থাপন ইত্যাদি কর্মকাণ্ড অত্যন্ত যোগ্যতার সঙ্গে সম্পাদন করেছেন।

**মথুরা বিকাশ ত্রিপুরা**

নির্বাহী পরিচালক, জাবারাং কল্যাণ সমিতি, খাগড়াপুর, খাগড়াছড়ি। তিনি বাংলাদেশের বিভিন্ন মাতৃভাষা সংরক্ষণ, পুনরুজ্জীবন, বিকাশ ও এসব ভাষায় শিক্ষা কার্যক্রম প্রণয়নের কাজ করেছেন। দেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার চিত্র, মাতৃভাষায় শিক্ষার চিত্র,

মাতৃভাষাভিত্তিক বহুভাষিক শিক্ষাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে কর্মগবেষণার সঙ্গে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সেমিনারে এসব বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করে অ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করেছেন।

আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক ২০২১-এর জন্য প্রাপ্ত আবেদনসমূহের মধ্য থেকে একজন বিদেশি নাগরিক ও একটি বিদেশি প্রতিষ্ঠানকে পদকপ্রাপ্তির জন্য মনোনীত করা হয়েছে :

(ক) Mr. Islaimov Gulom Mirzaevich, son of Ismailov;
(খ) The Activismo Lenguan (Language Activism), Bolivia.

### Mr. Ismailov Gulom Mirzaevich

Mr. Ismailov Gulom Mirzaevich is a national of the Republic of Uzbekistan. He has made an outstanding contribution towards the mother language (Uzbek) research, practice and culture of mother language protection, promotion and revitalization in Uzbekistan, and abroad.

His research field is Turkic languages of Central Asia primarily focusing on phraseology and related questions. It is worth mentioning that he is interested in both theoretical and empirical research, which he combines successfully. Apart from linguistics, his research on phraseology focuses on socio-cultural and historical aspects too, which allow him to put his achievements into a broader, multidisciplinary context. Moreover, he is implementing projects to strengthen the global status of the mother language (Uzbek).

### The Activismo Lenguas (Language Activism)

The Activismo Lenguas (Language Activism) is an online initiative coordinated by the Rising Voices initiative of the organization Global Voices strives to support networks of indigenous language digital activists in Latin America. Global Voices is legally registered in the Netherlands. This institution (Activismo Lenguas) based in Bolivia does not have a physical office. All of the staff working in Activismo Lenguas are engaged virtually. It was established in 2014 following the First Meeting of Indigenous Language Digital Activists that was held in the city of Oaxaca in Mexico.

Other major activities of Activismo Lenguas are participatory research approaches to the digital promotion of language activism in Latin America, and to ensure the opportunities and face challenges for the indigenous languages of the region as well.

This initiative has been important to facilitate the creation of a Network of Indigenous Language Digital Activists who provide mutual support, share experiences, discuss challenges, and collectively work on promoting indigenous languages on the Internet.

### আন্তর্জাতিক ও জাতীয় সেমিনার

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক ২২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে আন্তর্জাতিক সেমিনার এবং ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জাতীয় সেমিনার অনুষ্ঠিত হবে। নিম্নে আন্তর্জাতিক সেমিনার ও জাতীয় সেমিনারের শেডিউল উপস্থাপন করা হলো :

**International Seminar**
**(Participation : In-person & virtually)**
**Date: 22 February 2021, Monday**
**Time : 10:00 am - 01:00 pm**
**Theme : Bangabandhu and Mother Language-based Multilingual Education**

**First Session**

| | | |
|---|---|---|
| **Topic** | : | Mother Language-based Multilingual Education: Indian Perspective |
| Welcome Speech | : | Professor Dr. Jinnat Imtiaz Ali, Director General, International Mother Language Institute (IMLI) |
| Keynote Speaker | : | Dr Pabitra Sarkar, Prominent Indian Linguist and Former VC, Rabindra Bharati University, Kolkata, India |
| Discussant | : | Dr Mahendra Kumar Mishra, Managing Trustee Folklore Foundation, Odisha and Founder Trustee, Language & Learning Foundation, New Delhi, India |
| Chief Guest | : | Dr. Dipu Moni, M. P., Minister, Ministry of Education |
| Special Guest | : | 1. Professor Dr Mohammad Rafiqul Islam<br>Chairman, National Implementation Committee for the Celebration of the Birth Centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman<br>2. Ms. Beatrice Kaldun, Head of the Office and UNESCO Representative to Bangladesh, UNESCO Dhaka Office |
| Chair | : | Md. Mahbub Hossain, Secretary, Secondary and Higher Education Division, Ministry of Education |

**International Seminar**
**(Participation : In-person & virtually)**
**Date: 22 February 2021, Monday**
**Time : 02:00 pm – 05:00 pm**
**Theme : Bangabandhu and Mother Language-based Multilingual Education**

**Second Session**

| | | |
|---|---|---|
| **Topic** | : | Mother Language-based Multilingual Education : Bangladesh Perspective |
| Welcome Speech | : | Professor Dr. Jinnat Imtiaz Ali, Director General, International Mother Language Institute (IMLI) |
| Keynote Speaker | : | Dr. Syed Shahrier Rahman, Professor, Department of Linguistics, University of Dhaka |
| Discussant | : | Mr. Mashrur Imtiaz, Assistant Professor, Department of Linguistics, University of Dhaka |
| Chief Guest | : | Mr. Mohibul Hasan Chowdhury, Deputy Minister, Ministry of Education |
| Special Guest | : | Mr. Masud Bin Momen, Senior Secretary, Ministry of Foreign Affairs |
| Chair | : | Mr. Md. Aminul Islam Khan<br>Secretary<br>Technical and Madrasah Education Division |
| Vote of Thanks | : | Md. Fazlur Rahman Bhuiyan, Director (Administration, Finance & Training), International Mother Language Institute (IMLI) |

**জাতীয় সেমিনার**
**(অংশগ্রহণ : সশরীরে ও ভার্চুয়ালি)**
**২৩ ফেব্রুয়ারি ২০২১, মঙ্গলবার**
**সময় : সকাল ১০:০০ টা - দুপুর ০১:০০ টা**
**প্রতিপাদ্য : বঙ্গবন্ধু ও মাতৃভাষা-আশ্রয়ী বহুভাষিক শিক্ষা ব্যবস্থা**
**১ম অধিবেশন**

| | | |
|---|---|---|
| **বিষয়** | : | বঙ্গবন্ধুর শিক্ষা ভাবনা এবং শিক্ষায় মাতৃভাষার ব্যবহার |
| স্বাগত বক্তব্য | : | প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন, পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), ঢাকা |
| মূল প্রবন্ধ উপস্থাপনকারী | : | অধ্যাপক আব্দুল মান্নান, সাবেক চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |
| আলোচক | : | অধ্যাপক ড. সৈয়দ মঞ্জুরুল ইসলাম, অধ্যাপক, ইউনিভার্সিটি অব লিবারাল আর্টস |
| প্রধান অতিথি | : | জনাব কে এম খালিদ, এম.পি., মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| বিশেষ অতিথি | : | ১. জনাব মোঃ বদরুল আরেফীন, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>২. জনাব হাবীবুল্লাহ সিরাজী, মহাপরিচালক, বাংলা একাডেমি |
| সভাপতি | : | ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা |

**জাতীয় সেমিনার**
**(অংশগ্রহণ : সশরীরে ও ভার্চুয়ালি)**
**২৩ ফেব্রুয়ারি ২০২১, মঙ্গলবার**
**সময় : দুপুর ০২:০০ টা - বিকাল ০৫:০০ টা**
**প্রতিপাদ্য : বঙ্গবন্ধু ও মাতৃভাষা-আশ্রয়ী বহুভাষিক শিক্ষা ব্যবস্থা**
**২য় অধিবেশন**

| | | |
|---|---|---|
| **বিষয়** | : | মাতৃভাষা আশ্রয়ী শিক্ষা ব্যবস্থা : বর্তমান বাস্তবতা |
| স্বাগত বক্তব্য | : | মোঃ ফজলুর রহমান ভুঁঞা, পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), ঢাকা |
| মূল প্রবন্ধ উপস্থাপনকারী | : | ড. মুহাম্মদ মাহবুবুর রহমান, সহযোগী অধ্যাপক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER), ঢাকা বিশ্ববিদ্যালয় |
| আলোচক | : | অধ্যাপক মহাম্মদ দানীউল হক, খন্ডকালীন শিক্ষক, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| প্রধান অতিথি | : | জনাব ফরহাদ হোসেন, প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| বিশেষ অতিথি | : | জনাব গোলাম মোঃ হাসিবুল আলম, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| সভাপতি | : | অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) |
| ধন্যবাদ জ্ঞাপন | : | প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন, পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), ঢাকা |

**চিত্রাঙ্কন প্রতিযোগিতা**

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত অনুষ্ঠানমালার অংশ হিসেবে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২১ বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর মিলনায়তনে প্রতিযোগিতার ফলাফল ঘোষণা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি

হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট। এ আয়োজনে স্বাগত বক্তব্য রাখবেন জনাব মোঃ ফজলুল রহমান ভূঞা, পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এবং ধন্যবাদ জ্ঞাপন করবেন শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা উপকমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ শাফীউল মুজ নবীন, পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট।

**অনুষ্ঠানসূচি :**

**চিত্রাঙ্কন প্রতিযোগিতার ফলাফল ঘোষণা এবং পুরস্কার বিতরণ**

| | | |
|---|---|---|
| দুপুর ১২.০০ থেকে দুপুর ১২:০৫মি. | : | আমন্ত্রিত অতিথিদের আসন গ্রহণ |
| দুপুর ১২.০৬ থেকে দুপুর ১২:১৫মি. | : | স্বাগত বক্তব্য |
| দুপুর ১২.১৬ থেকে দুপুর ১২:২৫মি. | : | ফলাফল ঘোষণা |
| দুপুর ১২.২৬ থেকে দুপুর ১২:৩৫মি. | : | প্রধান অতিথির বক্তব্য |
| দুপুর ১২.৩৬ থেকে দুপুর ১২:৪৫মি. | : | বিশেষ অতিথির বক্তব্য |
| দুপুর ১২.৪৬ থেকে দুপুর ১২:৫৫মি. | : | ধন্যবাদ জ্ঞাপন |
| দুপুর ১২.৫৬ থেকে দুপুর ০১:১০মি. | : | পুরস্কার বিতরণ |

প্রতি বছর মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক চার দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়। এ বছরও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট চার দিনব্যাপী অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদন করার জন্য সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে। এ অনুষ্ঠানগুলো বিভিন্ন ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের মাধ্যমে ইনস্টিটিউটের গুরুত্বপূর্ণ কর্মকান্ড ও পদক্ষেপ সম্পর্কে সকলে অবগত হতে পারবে। আশা করা যায়, সকলের সহযোগিতা ও সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে অনুষ্ঠেয় কর্মসূচিগুলো সুন্দর ও সাফল্যমণ্ডিত হবে।

(মোঃ মিজানুর রহমান)
উপপরিচালক (প্রচার, তথ্য ও যোগাযোগ)
মোবাইল : ০১৭১১৪৬০৫৪০
ই-মেইল : mizanurr16bcs@gmail.com